# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 16.09.2024** **Time: 7.35 A.M**

বিশেষ বিশেষ খবর –

১) আর জি করে তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ খুনের ঘটনায় ধৃত প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার তৎকালীন ওসি অভিজিৎ মণ্ডলের তিন দিনের CBI হেফাজত হয়েছে।

বৃহত্তর ষড়যন্ত্রের অভিযোগ সি বি আই-এর।

২) ঘটনার প্রতিবাদ এবং দ্রুত বিচারের দাবিতে ফের পথে নেমেছেন সাধারণ মানুষ।

৩) রোগীদের চিকিৎসা পরিষেবা নিশ্চিত করতে বিশেষ সহায়তা কেন্দ্র খুলছে রাজ্য সরকার।

৪) আজ বিশ্ব নবী দিবস।

৫) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর কেন্দ্রীভূত অতিগভীর নিম্নচাপের প্রভাবে আজও দক্ষিণবঙ্গের সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাস।

একটানা দুর্যোগ চলতে থাকায়, জেলাগুলিকে বিশেষভাবে সতর্ক করেছে রাজ্য সরকার।

৬) আইএসএল ফুটবলে আজ নিজেদের প্রথম ম্যাচে খেলতে নামছে মহামেডান স্পোর্টিং। প্রতিপক্ষ নর্থ ইস্ট ইউনাইটেড এফসি।

---

RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালে তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ খুনের ঘটনায় ধৃত প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার তৎকালীন ওসি অভিজিৎ মণ্ডলকে তিনদিনের CBI হেফাজতে পাঠিয়েছে শিয়ালদা আদালত।

ওই ঘটনায় বৃহত্তর ষড়যন্ত্রের অভিযোগ করেছে CBI । ঘটনাস্থলের বিকৃতি ঘটানো, তথ্যপ্রমাণ লোপাট, FIR দায়েরে বিলম্ব, তদন্তকে ভুল পথে চালিত করা, অপরাধমূলক ষড়যন্ত্র এবং সরকারি বিধি না মানার অভিযোগে গতরাতে সন্দীপ এবং অভিজিৎকে গ্রেপ্তার করা হয়। এর আগে RG KAR-এ আর্থিক দুর্নীতির অভিযোগে সন্দীপকে গ্রেপ্তার করেছিল সি বি আই। জেল হেফাজত থেকেই তাকে গ্রেপ্তার দেখানো হয়। এই নিয়ে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ খুনে তিনজনকে গ্রেপ্তার করা হলো।

এদিকে অভিজিত মন্ডলের স্ত্রী ও এক আইনজীবীকে সিজিও কমপ্লেক্সে তলব করেছে। ৯'ই আগস্ট খুনের ঘটনা প্রকাশ্যে আসার একদিন পরেই, সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়কে গ্রেপ্তার করে পুলিশ। এরপর হাইকোর্টের নির্দেশে ধর্ষণ খুন এবং হাসপাতালে আর্থিক দুর্নীতির তদন্তভার হাতে নেয় সিবিআই।

আর জি করে ডাক্তারি পড়ুয়ার ধর্ষণ ও খুনের স্বতঃপ্রণোদিত মামলায় আগামীকাল খোর্টে ফের শুনানি হওয়ার কথা। তদন্তে অগ্রগতি নিয়ে নতুন স্ট্যাটাস রিপোর্ট জমা দেবে সিবিআই। পাশাপাশি জুনিয়র ডাক্তাররা কাজে যোগ না দেওয়ায় শীর্ষ আদালত কি অবস্থান নেয়, সে দিকেও নজর থাকবে সকলের।

-----------------------

RG KAR কান্ডে ন্যায় বিচারের দাবীতে গতকাল বৃষ্টি মাথায় নিয়ে প্রতিবাদে সামিল হন নাগরিক সমাজ। পাঁচ দফা দাবিতে স্বাস্থ্যভবনের সামনে জুনিয়ার ডাক্তাররা এখনও অবস্থান বিক্ষোভ করছেন। সল্টলেকের সেন্ট্রাল পার্ক থেকে স্বাস্থ্যভবন পর্যন্ত গতকাল তাঁরা মহামিছিল করেন। পা মেলান সিনিয়ার চিকিৎসকরা'ও।

উত্তর কলকাতার বিভিন্ন স্কুলের প্রাক্তনীরাও বিশাল মিছিলের আয়োজন করেন। ওয়েলিংটনে মিছিল করেন ক্যালকাটা গার্লসের প্রাক্তনীরা। যোধপুর পার্ক থেকে গড়িয়াহাট মোড় পর্যন্ত মিছিলে পা মেলান যোধপুরপার্ক গার্লসের প্রাক্তন পড়ুয়ারা।

বিচার চেয়ে পথে নামেন অবসরপ্রাপ্ত সেনাকর্তা ও কর্মীরা। যাদবপুর থেকে শুরু হয়ে মিছিল শেষ হয় গড়িয়াহাটে।

করুণাময়ীতে প্রতিবাদ মিছিলে যোগ দেন নার্সরা।

দক্ষিণ ২৪ পরগণার জয়নগর মজিলপুর পুরসভা এলাকার বিভিন্ন স্কুলের প্রাক্তনীরাও মিছিল করে বিভিন্ন ওয়ার্ড প্রদক্ষিণ করেন। নদীয়ার রবীতীর্থ বিদ্যালয়ের প্রাক্তনীরাও বৃষ্টি উপেক্ষা করে মিছিলে হাঁটেন।

হুগলীর উত্তরপাড়ার ১১ টি স্কুলের প্রাক্তনীরা প্রতিকূল আবহাওয়ার মধ্যেই গৌরী হলের সামনে জড়ো হন। প্রতিবাদে যোগ দেন বিভিন্ন ক্লাবের সদস্যরাও। হাওড়ার বালি ও বেলুড় থেকেও বহু মানুষ এতে সামিল হন।

বহুচর্চিত উত্তরবঙ্গ লবির বিরুদ্ধে, IMA-র জলপাইগুড়ি শাখা এবং নাগরিক সংসদের পক্ষ থেকে মহামিছিলের ডাক দেওয়া হয়। বক্তব্য রাখেন পদ্মশ্রী করিমুল হক, ধনীরাম টোটো প্রমুখ।

শিলিগুড়ি শহরেও বিশাল মিছিল বের হয়।

----------------------

আরজি কর ইস্যুতে জুনিয়র চিকিৎসকদের কর্মবিরতির মধ্যে রোগীদের চিকিৎসা পরিষেবা নিশ্চিত করতে রাজ্য সরকার, বিশেষ সহায়তা কেন্দ্র খোলার সিদ্ধান্ত নিয়েছে। স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে কলকাতা ও হাওড়ার সাতটি জায়গায় 'মে আই হেল্প ইউ' বুথ খোলা হবে বলে দপ্তর সূত্রে জানা গিয়েছে।

সাঁতরাগাছি বাসস্ট্যান্ডের কাছে কোণা এক্সপ্রেসওয়ে, নিবেদিতা সেতু টোল প্লাজা, তারাতলা মোড়, রাজারহাটে মঙ্গলদীপ আন্ডারপাস, কামালগাজী মোড় ট্যাক্সি স্ট্যান্ড, জোকা ট্রাম ডিপো এবং গড়িয়ায় খোলা এই বুথগুলি থেকে হাসপাতালে দ্রুত রোগী ভর্তি ও অ্যাম্বুলেন্স পরিষেবার সুবিধা পাওয়া যাবে বলে জানা গিয়েছে।

----------------------

আসন্ন ব্রিকস সম্মেলনে যোগ দেওয়ার জন্য রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিমের মস্কো সফরের অনুমতি মিললনা। বিদেশমন্ত্রক থেকে এই ছাড়পত্র আসেনি বলে খবর। মন্ত্রী ফিরহাদ হাকিমের এমাসের ১৭ থেকে ২১ শে সেপ্টেম্বর রাশিয়া সফরের কথা ছিল। স্বরাষ্ট্র মন্ত্রক থেকে সবুজ সংকেত পেলেও বিদেশমন্ত্রকের ছাড়পত্র পাওয়া যায়নি বলে খবর।

----------------------

রাজ্যে চালু হয়েছে তিনটি নতুন বন্দে ভারত এক্সপ্রেস।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল ভিডিও কনফারেন্সিং মাধ্যমে ৬ টি বন্দে ভারত এক্সপ্রেসের যাত্রার সূচনা করেন। হাওড়া থেকে Rourkela, ভাগলপুর এবং গয়ার মধ্যে যাতায়াত করবে তিনটি ট্রেন।

এই উপলক্ষ্যে হাওড়া স্টেশনে আয়োজিত অনুষ্ঠানে হাওড়া - Rourkela বন্দে ভারত এক্সপ্রেসের যাত্রার সূচনা পর্বে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

(বাইট- সুকান্ত)

----------------------

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর থাকা গভীর নিম্নচাপটি ধীরে ধীরে নিম্নচাপে রূপান্তরিত হবে। গতরাতে আবহাওয়া দপ্তরের বুলেটিনে জানানো হয়েছে, আগামী ২৪ ঘন্টায় নিম্নচাপটি ঝাড়খন্ড এবং উত্তর ছত্তিশগড়ের দিকে সরে যাবে। আবহ বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানালেন,

বাইট

এদিকে টানা বৃষ্টির জেরে জুলুং নদীর জলবৃদ্ধি পাওয়ায় ঝাড়গ্রামের সঙ্গে টিঙ্কিগড় ও জামবনীর যোগাযোগ পুরোপুরি বিচ্ছিন্ন হয়ে পড়েছে। নদীর প্রবল স্রোতে তলিয়ে গেছে কজওয়ে।

বীরভূমের সাঁইথিয়ায় তালতলায় অস্থায়ী ফেরিঘাট ভেসে যাওয়ায় ময়ূরেশ্বর-সাঁইথিয়ার রুটে যোগাযোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে গেছে।

পুরুলিয়া জেলায় টানা বৃষ্টিতে জলমগ্ন বহু এলাকা। ভেঙে পড়ে বহু কাঁচা বাড়ি। উপড়ে যায় গাছ। পূর্ব বর্ধমানের কালনা পুরসভার বেশ কিছু ওয়ার্ড জলমগ্ন। জটিল পরিস্থিতি ৯ নং ওয়ার্ডের যুগীপাড়ায়। ড্রেন সংস্কার না হওয়ায় জল জমার অভিযোগ স্থনীয়দের।

----------------------

রাজ্যজুড়ে টানা দুর্যোগের প্রেক্ষিতে রাজ্য সরকার জেলা গুলিকে বিশেষ ভাবে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে। আগামী কয়েকদিন এই দুর্যোগ পরিস্থিতি অব্যাহত থাকার পূর্বাভাস থাকায়  মুখ্য সচিব মনোজ পন্থ  প্রস্তুত থাকার জন্য জেলাশাসকদের বলেছেন। প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী প্রস্তুত এবং বাঁধ গুলি সরেজমিনে পরিদর্শন করতে বলা হয়েছে। উপকূলবর্তী অঞ্চলগুলিতে বিশেষ সর্তকতা নেওয়ার কথা জানানো হয়েছে।

নিচু এলাকায় জল জমতে পারে সেই আশঙ্কায় জেলাশাসকদের প্রয়োজনীয় পাম্প মজুত রাখার নির্দেশও দিয়েছেন মুখ্য সচিব।

-----------------------

নদীয়ার রানাঘাট পৌরসভা এলাকায় ডেঙ্গীর সংক্রমণ বাড়ছে। চলতি বছরে জেলায় এপর্যন্ত ২৪৪ জন সংক্রমিত হয়েছেন। এর মধ্যে গত দু সপ্তাহে ডেঙ্গী আক্রান্ত ৩৩ জন। পরিস্থিতি মোকাবিলায় পৌর কর্তৃপক্ষ বাড়ি বাড়ি গিয়ে সচেতনতার কাজ শুরু করেছে।

-----------------------

আজ বিশ্ব নবী দিবস, ঈদ-এ-মিলাদ-উন-নবী। ইসলামিক ক্যালেন্ডারের তৃতীয় মাসে দ্বাদশ দিনে রবি-আল-আওয়াল পালিত হয়। এই দিনটি পয়গম্বর হজরত মহম্মদের জন্মদিন। দেশের বিভিন্ন প্রান্তে যথাযথ ধর্মীয় উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে আজ ঈদ-এ-মিলাদ-উন-নবী পালিত হচ্ছে। পয়গম্বরের জীবন ও তাঁর শিক্ষা মানুষের সামনে তুলে ধরতে আয়োজিত হচ্ছে মিলাদ-মেহফিল এবং সিরাত চর্চার। এই উপলক্ষে অনেক জায়গায় মিলাত শোভাযাত্রার আয়োজন করা হচ্ছে।

মহানবী হজরত মহম্মদের জন্মদিন মিলাদ-উন-নবী উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দেশের মুসলিম জনগোষ্ঠীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন, মহানবী ভালোবাসা এবং সৌভ্রাতৃত্বের আদর্শে সমাজের সকল মানুষকে অনুপ্রাণিত করেছেন। এছাড়া তিনি সাম্য ও ঐক্যের কথাও বলেছেন। রাষ্ট্রপতি সংশ্লিষ্ট সকলের কাছে পবিত্র কোরানের শিক্ষায় এক শান্তিপূর্ণ সমাজ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন।

-----------------------

কোচবিহারের তুফানগঞ্জ দু'নম্বর ব্লকের বারোকোদালি এক নম্বর গ্রাম পঞ্চায়েতের প্রধান সহ বিজেপি-তে যোগ দেওয়া পঞ্চায়েত সদস্যদের ওপর হামলার অভিযোগ উঠেছে শাসকদলের বিরুদ্ধে। বেশ কিছু দিন আগে এরা সকলেই বিজেপি ছেড়ে তৃণূলে গিয়েছিলেন। ফের বিজেপিতে যোগ দেওয়ায় তাদের বাড়িতে হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠল তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

-----------------------

মালদার মানিকচকে বোমার আঘাতে কংগ্রেস নেতা সইফুদ্দিন শেখের মৃত্যুর পর পরিস্থিতি এখনো থমথমে। ধরমপুর বাসস্ট্যান্ডের কাছে সকাল ৯'টা নাগাদ দুষ্কৃতীরা তাঁকে লক্ষ্য করে বোমা ছোঁড়ে। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর।

অভিযোগের আঙুল, গোপালপুরে অঞ্চলের তৃণমূল কংগ্রেস সভাপতি শেখ নাসির আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে।

-----------------------

বীরভূমের ময়ূরেশ্বরে ডাইনি অপবাদে দুই আদিবাসী মহিলাকে পিটিয়ে খুনের ঘটনায় আরো ছ'জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এদের মধ্যে পাঁচ জনই মহিলা। আজ তাদের রামপুরহাট মহকুমা আদালতে তোলা হলে, ২৭শে সেপ্টেম্বর পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দেন বিচারক।

এই নিয়ে মোট ২১ জনকে এই ঘটনায় গ্রেপ্তার করা হল।

-----------------------

মদ্যপ অবস্থায় ভগ্নিপতির সঙ্গে কথা কাটাকাটির জেরে তাকে ধারালো অস্ত্র দিয়ে খুন করার অভিযোগ উঠেছে শ্যালকের বিরুদ্ধে। উত্তর ২৪ পরগণার বনগাঁর গোপালনগর থানার নওহাটা বাজার এলাকায় গতকাল এই ঘটনা ঘটে। অভিযুক্ত সুমন বিশ্বাস মার্চেন্ট নেভিতে কাজ করে। সম্প্রতি সে ছুটিতে বাড়িতে আসে। গতসন্ধ্যায়

মদ্যপ অবস্থায় বাড়িতে অশান্তি করলে ভগ্নিপতি শুভ সাহা তাকে থামাতে যান। কথা কাটাকাটি চলাকালীন সুমন একটি ধারালো হাতিয়ার দিয়ে ভগ্নিপতি শুভর গলায় আঘাত করে। বনগাঁ মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে তাকে মৃত বলে ঘোষণা করেন। ঘটনার পর থেকে অভিযুক্ত সুমন বিশ্বাস পলাতক। পুলিশ তদন্ত শুরু করেছে।

----------------------

তিন মাস বন্ধ থাকার পর আজ পর্যটকদের জন্য খুলে যাচ্ছে ডুয়ার্সের জঙ্গল। এবছর হাতি সাফারিতে বেড়েছে হাতির সংখ্যা। জলদাপাড়ার শালকুমার থেকেও শুরু হচ্ছে হাতি সাফারি। পর্যটকদের আগমনের সম্ভাবনায় খুশী এলাকার পর্যটন ব্যবসায়ীরা।

----------------------

মহামেডান স্পোর্টিং ক্লাব আজ তাদের আইএসএল অভিযান শুরু করছে। প্রতিপক্ষ নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। আই লিগ জিতে এবারই প্রথম বার মহামেডান স্পোটিং ইন্ডিয়ান সুপার লিগ 'আইএসএল ' এ মাঠে নামতে চলেছে। কোচ আন্দ্রে চেরনিশভ, দল নতুন চ্যালেঞ্জ নিতে প্রস্তুত বলে জানিয়েছেন। এই ম্যাচকে ঘিরে দলের সমর্থকদের মধ্যে ব্যাপক উদ্দীপনা দেখা দিয়েছে।

---------------------- ----------------------